দৈনিক সংবাদ

193

তারিখ ... DEC. 22 1999 ...
পৃষ্ঠা ৪ ... কলাম ... ২ ...

## শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

'সরকারী কর্মচারী বিধি মোতাবেক কোন সরকারী কর্মচারী তার নিজ জেলা বা সুবিধাজনক স্থানে বদলি হতে পারবেন। এ বিধি মোতাবেক বিভিন্ন সরকারি শিক্ষা প্রতিষ্ঠান এবং অধিদপ্তরগুলো তারা তাদের কর্মচারীদের বদলি করে থাকে। অত্যন্ত দুঃখ ও পরিতাপের বিষয় এই যে, ৯টি বিজ্ঞান কেন্দ্র ও ২১টি জোনাল অফিসের রাজস্ব বাজেটের নিয়মিতকৃত কর্মচারীরা বদলি হতে পারছেন না। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে ৯টি বিজ্ঞান কেন্দ্র এবং ২১টি জোনাল অফিসের যে সকল কর্মচারী বদলির জন্য আবেদন করেছেন তাদের বদলির ফাইল লালফিতায় দীর্ঘদিন যাবৎ বন্দি হয়ে আছে। এ লালফিতায় বন্দি বদলির ফাইল কবে নাগাদ খুলবে বা চালু হবে একমাত্র আল্লাহই জানেন। জানতে পেরেছি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের জনৈক পরিচালকের একগুঁয়েমি মনোভাব এবং খামখেয়ালিপনায় এ ফাইল মোটেই পড়ছে না। তিনি কি কারণে, কেনই বা বদলির ফাইল চালু করছেন না তা তিনিই ভাল জানেন, এটা কারো কাছেই বোধগম্য হচ্ছে না। অথচ কর্মচারিগণ বদলি হতে না পেরে হতাশা ও দুঃচিন্তায় দিন পার করছেন। অধিদপ্তরের কর্মকর্তারা সরকারি কর্মচারী বিধি তোয়াক্কা করছেন না। বিভিন্ন সরকারি কলেজে এবং সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অনেক পদ খালি রয়েছে। বিজ্ঞান কেন্দ্রের নিয়মিত দক্ষ কর্মচারিগণকে শূন্যপদে বদলি করলে সরকারের কোন অতিরিক্ত রাজস্ব-ব্যয় হবে না বরং কর্মচারীরা তাদের দক্ষতাকে কাজে লাগাতে পারবেন। তাই মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের কাছে হৃদয়ের আকুল মিনতি জানাই যেন অনতিবিলম্বে বিজ্ঞান উন্নয়ন কেন্দ্রের রাজস্ব বাজেটের নিয়মিতকৃত কর্মচারিগণকে বিভিন্ন সরকারি কলেজের বা সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্যপদে বদলিভিত্তিক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

মোঃ শামিম আহসান
টাইপিস্ট কাম ক্লার্
জোনাল অফিস, পাব